অক্টোবর 2022

# স্বাধীনতাসহ আরও মজবুত অর্থব্যবস্থা

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ

স্বাধীনতাসহ আরও মজবুত অর্থব্যবস্থার জন্য এটি স্কটিশ সরকারের প্রস্তাবের সারাংশ। প্রস্তাবগুলির আরও বিবরণ এবং প্রমাণসম্ভার যা তাদের অবহিত করে তা পূর্ণ প্রকাশনায় জানানো হয়েছে।

### যুক্তরাজ্যের অর্থব্যবস্থা স্কটল্যান্ডের জন্য কার্যকর হচ্ছে না

যুক্তরাজ্যের অর্থব্যবস্থার ফলে উৎপাদনশীলতা হ্রাস পেয়েছে, বেতনে কোনও পরিবর্তন ঘটেনি, অসমতা বেড়েছে এবং দারিদ্র্যের হারও বেড়েছে।

যুক্তরাজ্যের অর্থব্যবস্থা লন্ডন এবং ইংল্যান্ডের দক্ষিণ পূর্বের এলাকাগুলিতে কেন্দ্রিভূত, যার ফলে স্কটল্যান্ড সমেত যুক্তরাজ্যের অন্যান্য এলাকাগুলি বঞ্চিত হয়ে পড়েছে।

যুক্তরাজ্য ক্রমশ বিচ্ছিন্ন হয়ে পড়ছে। এককালে বিশালায়তন ইউরোপিয়ান সিংগল মার্কেট সম্পূর্ণ এবং বাধাহীনভাবে স্কটল্যান্ডের সাধ্যায়ত্তে ছিল যা হারানোর ফলে আমাদের অর্থব্যবস্থায় নেতিবাচক প্রভাব পড়েছে, এবং দীর্ঘ সময়ের প্রেক্ষিতে এই প্রভাব গুরুতর হওয়ার আশঙ্কা রয়েছে।

যদিও স্কটল্যান্ড সর্বান্তকরণে ইউরোপিয়ান ইউনিয়নে (EU) থাকার পক্ষে ভোট দিয়েছিল, তা সত্ত্বেও আমরা ব্রেক্সিটে বাধা দিতে পারিনি।

বর্তমান যুক্তরাজ্যের সরকারের নীতির ফলে অন্যতম আর্থিক চ্যালেঞ্জগুলির– যেমন মুদ্রাস্ফীতি ও জীবনযাপনের খরচের সঙ্কট– আরও আকারবৃদ্ধি হয়েছে। অস্থিরতা এবং অনিশ্চয়তা বাড়ছে এবং আর্থিক বাজার ওয়েস্টমিনস্টারের আর্থিক নৈপুণ্য নিয়ে সন্দেহ প্রকাশ করছে।

তাছাড়া, বিল্ডিং এ নিউ স্কটল্যান্ড সিরিজের প্রথম প্রমাণে দেখা যাচ্ছে যে স্কটল্যান্ডের তুলনায় স্বাধীন ইউরোপিয়ান দেশগুলি যুক্তরাজ্যের চেয়ে বেশি সন্তুষ্ট, বেশি সমৃদ্ধশালী এবং বেশি ন্যায়পরায়ণ। এরা বিশ্বের সবচেয়ে সফল অর্থব্যবস্থাগুলির মধ্যে স্থান করে নিয়েছে।

### স্কটল্যান্ডের অর্থব্যবস্থা অপার সম্ভাবনাময়

স্কটল্যান্ডের আর্থিক ক্ষমতা প্রচুর। আমাদের কাছে যে কর্মদক্ষ লোকবল, প্রগতিশীল ব্যবসা প্রতিষ্ঠান এবং প্রাকৃতিক সম্পদ আছে তাতে আমরা তুলনীয় স্বতন্ত্র ইউরোপিয়ান দেশগুলির মত সমান সফল হতে পারি।

ইতিমধ্যেই স্কটল্যান্ডের অর্থব্যবস্থা যুক্তরাজ্যে সর্বশ্রেষ্ঠ কর্মক্ষমতাসম্পন্ন ব্যবস্থাগুলির মধ্যে একটি। লন্ডন এবং ইংল্যান্ডের দক্ষিণ পূর্বের এলাকাগুলি বাদ দিলে, যুক্তরাজ্যের অধীনস্থ দেশ বা অঞ্চলসমূহের মধ্যে আমাদের ব্যক্তিপ্রতি উপার্জনের হার সবচেয়ে বেশি।

Scottish Government
Riaghaltas na h-Alba

আমাদের কাছে প্রচুর প্রাকৃতিক সম্পদ আছে, যার ফলে পরিবেশের অনুকূল বিকাশের সুযোগের সম্ভাবনায় স্কটল্যান্ড যুক্তরাজ্যের দেশ ও অঞ্চলগুলির মধ্যে সর্বপ্রথম স্থানে অধিষ্ঠিত।

আমার উচ্চ শিক্ষিত ও সুদক্ষ দেশ, আমাদের কাছে বিশ্ব-মানের বিশ্ববিদ্যালয় আছে এবং যুক্তরাজ্য বা ইউরোপিয়ান ইউনিয়নের অন্য যে কোনও জায়গার তুলনায় আমাদের অনেক বেশি জনসাধারণ বিশ্ববিদ্যালয় বা কলেজ শিক্ষায় সমৃদ্ধ।

আমাদের খাদ্য ও পানীয় সম্পর্কিত ক্ষেত্র ব্যাপক সাফল্য পেয়েছে, যা 2019 সালে 122,000 চাকরি এবং অর্থব্যবস্থায় £5.8 বিলিয়নের অবদান রেখেছে। যুক্তরাজ্যের যে পানীয়টি সবচেয়ে বেশি রপ্তানি করা হয় তা হল স্কচ হুইস্কি এবং যুক্তরাজ্যের যে খাদ্য দ্রব্য সবচেয়ে বেশি রপ্তানি করা হয় তা হল স্কটিশ স্যালমন।

এছাড়াও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং সাইবার সিকিউরিটি সমেত ডিজিটাল টেকনোলজির মত শিল্পোদ্যোগে আমাদের বিশেষ দক্ষতা আছে।

স্বাধীন হয়ে স্কটিশ সরকারের স্কটল্যান্ডের অর্থব্যবস্থাকে আরও বলিষ্ঠ ও ন্যায্য করার পরিকল্পনা আছে। পরিকল্পনাটি এইপ্রকার।

## স্কটিশ পাউন্ডের সূত্রপাত করার সঠিক সময় উপস্থিত না হওয়া পর্যন্ত স্বাধীন স্কটল্যান্ড পাউন্ড স্টারলিং ব্যবহার করবে

যখন প্রয়োগসাধ্য হবে তখন যথা শীঘ্র, স্কটল্যান্ড তাদের নিজস্ব স্বতন্ত্র মুদ্রা, স্কটিশ পাউন্ডের সূত্রপাত করবে।

ততদিন পর্যন্ত, স্কটল্যান্ডের মুদ্রা থাকবে পাউন্ড স্টারলিং। যারা স্কটল্যান্ডে বসবাস করছেন তারা স্টারলিং-এ পারিশ্রমিক পাবেন, স্টারলিং-এ তাদের পেনশন পাবেন এবং স্টারলিং-এ পণ্য পরিষেবা কিনবেন। ব্যবসা বাণিজ্য স্টারলিং-এ করা বজায় থাকবে।

কখন স্কটিশ পাউন্ডের সূত্রপাত করতে হবে সে বিষয়ে নতুন, স্বতন্ত্র স্কটিশ সেন্ট্রাল ব্যাংক পরামর্শ দেবে, এবং চূড়ান্ত সিদ্ধান্ত স্কটিশ পার্লামেন্ট নেবে।

স্কটিশ পাউন্ডের সূত্রপাত করার পর, ঐ নতুন মুদ্রা পরিচালনা করার জন্য স্কটিশ সেন্ট্রাল ব্যাংকের দায়িত্ব বাড়বে। আর্থিক স্থিরতা সুনিশ্চিত করা ব্যাংকের দায়িত্ব হবে।

## দায়িত্বশীল উপায়ে স্বতন্ত্র স্কটল্যান্ডের অর্থব্যবস্থা পরিচালনা করা হবে

স্বাধীন স্কটল্যান্ডে যাতে দীর্ঘস্থায়ী সার্বজনীন অর্থ সংস্থান করা হয় তা নিশ্চিত করতে নতুন প্রতিষ্ঠান গড়ে তোলা হবে।

স্কটল্যান্ডের যে সম্পত্তি প্রাপ্য সেসব বিবেচনাধীন রেখে স্কটল্যান্ড যুক্তরাজ্যের ঋণের দায়িত্বপূর্ণ অংশভাগ দিতে রাজি হবে।

## স্বাধীন স্কটল্যান্ডের যাত্রায় সবচেয়ে বেশি শক্তিসঞ্চার করবে বিনিয়োগ

স্বাধীনতার প্রথম দশকের সময়কালে £20 বিলিয়ন পর্যন্ত বিনিয়োগ করার জন্য এই স্কটিশ সরকার একটি বিল্ডিং এ নিউ স্কটল্যান্ড ফান্ড গড়ে তুলবে। এই ফান্ড স্কটিশ অর্থব্যবস্থায় তেল ও গ্যাস থেকে প্রাপ্ত আয় এবং অন্যান্য অভাবনীয় লাভ পুনর্বিনিয়োগ করবে।

প্রধান পরিকাঠামো প্রকল্পে এই ফান্ড বিনিয়োগ করবে। তাতে জলবায়ু পরিবর্তন সমালানো, আরও ন্যায্য পদ্ধতিতে আর্থিক বিকাশে সাহায্য করার প্রকল্প এবং সাশ্রয়কর আবাসীয় প্রকল্প আছে।

## পুনরায় ইউরোপিয়ান ইউনিয়ন-এ যোগদান স্কটল্যান্ডের জনসাধারণ ও আমাদের অর্থনীতির জন্য লাভজনক হবে

এই স্কটিশ সরকার স্কটল্যান্ডের আবার ইউরোপিয়ান ইউনিয়ন-এ যোগদানের আবেদন করার প্রস্তাব রাখছে। তার ফলে স্কটিশ নাগরিকরা আবার স্বচ্ছন্দ্যে ইউরোপিয়ান ইউনিয়ন-এ যাতায়াত করার অধিকার ফিরে পাবে।

কমন ট্র্যাভেল এরিয়া নামক একটি বন্দোবস্তে স্কটল্যান্ডের লোকজন যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, চ্যানেল আইল্যান্ডস এবং আইল অফ ম্যানের মধ্যে বিনা বাধায় যাতায়াত করতে পারবে।

ব্যবসা, বিশেষ করে রপ্তানিকারকরা, ইউরোপিয়ান ইউনিয়নের সদস্যতার সুবিধাগুলি উপলব্ধি করবে। ইউরোপিয়ান সিংগল মার্কেট, যার জনসংখ্যা যুক্তরাজ্যের আকারের সাত গুণ, তাদের জন্য অ্যাক্সেস সহজসাধ্য হবে। সদস্য দেশ হিসাবে ইউরোপিয়ান ইউনিয়ন-এর বর্তমান বাণিজ্য চুক্তি এবং সুবিধাজনক শর্তে নতুন বাণিজ্য চুক্তিতে দরাদরি করার ক্ষমতা আমাদের জন্য লাভজনক হবে।

সিংগল মার্কেটে আমাদের স্থান সুরক্ষিত রাখতে স্কটল্যান্ড এবং যুক্তরাজ্যের মধ্যে পণ্য যাচাই করা হলেও স্কটল্যান্ড এবং অন্য 27টি ইউরোপিয়ান ইউনিয়নের দেশের মধ্যে এটা সরে যাবে।

যুক্তরাজ্যের ব্রেক্সিট ডীলের অধীনে, যুক্তরাজ্যের মধ্যে চলাচলকারী কিছু পণ্য, যেগুলি উত্তর আয়ারল্যান্ডে যায় এবং আসে, সেগুলির উপর ইতিমধ্যেই নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে। স্কটল্যান্ড ইউরোপিয়ান ইউনিয়নের অংশ হয়ে গেলে, স্কটল্যান্ড ও উত্তর আয়ারল্যান্ডে বিনা বাধায় পণ্য লেনদেন করা যাবে।

ব্যবসা বাণিজ্যের ক্ষেত্র মসৃণ করতে স্কটিশ সরকার সরাসরি প্রয়োগীয় সাহায্যের ব্যবস্থা রাখবে।

## অন্য আর্থিক বিকল্প বেছে নিয়ে স্কটল্যান্ড আরো ন্যায্য, পরিবেশের অনুকূল এবং সমৃদ্ধশালী হয়ে উঠতে পারে

স্কটল্যান্ডের সাথে তুলনীয় স্বতন্ত্র ইউরোপিয়ান দেশগুলির অভিজ্ঞতা থেকে জানা যায় যে প্রগতিশীল অর্থব্যবস্থা এবং সামাজিক ন্যায়পরায়ণতার সহাবস্থান সম্ভব। একে অপরকে বলিষ্ঠ করে তুলতে পারে।

**স্কটল্যান্ডের নবায়নযোগ্য শক্তিসম্পদ আমাদের নতুন অর্থব্যবস্থার মূলধন হবে,** যা ব্যবসা এবং পরিবারগুলিকে বিশ্বস্ত কম-খরচের, কম-কার্বনযুক্ত ইন্ধনের যোগান দেবে। উদাহরণ স্বরূপ স্কটল্যান্ডের বিপুল সাগরমুখী বায়ু শক্তি স্কটল্যান্ডকে নবায়নযোগ্য বিদ্যুত শক্তি দেওয়া ছাড়াও যুক্তরাজ্যে ও ইউরোপে রপ্তানি করতে পারে।

**নতুন অভিবাসন ব্যবস্থায় স্কটল্যান্ড উপকৃত হবে।** স্বাধীন স্কটল্যান্ড যুক্তরাজ্যের প্রতিকূল পরিবেশের পন্থা ছেড়ে কর্মক্ষম বয়সের নারীপুরুষ ও তাদের পরিবারদের এখানে বসবাস করতে আকৃষ্ট করতে পারে। এর ফলে ব্যবসা প্রতিষ্ঠান প্রয়োজনমত দক্ষতা ও লোকবলের সন্ধান পাবে এবং স্কটল্যান্ডে সবচেয়ে বেশি জনশূণ্যতার আশঙ্কাগ্রস্ত স্থানগুলির সমস্যা দূর হবে।

**প্রগতিশীল অর্থব্যবস্থা এবং ন্যায্য সমাজগঠনে কাজের প্রতি নতুন পন্থাবলম্বনের ক্ষেত্রে প্রধান ভূমিকা থাকবে।** এই স্কটিশ সরকার জাতীয় স্তরে ন্যূনতম বেতনের একটিমাত্র দর রাখার প্রস্তাব করছে — যাতে জীবনযাপনের খরচ আরও ভালোভাবে প্রতিফলিত হবে — অপেক্ষাকৃত কমবয়সীদের জন্য কম দর থাকবে না। শিল্প সম্পর্কে উন্নতি করার প্রথম পদক্ষেপ হিসাবে পরিবর্তনযোগ্য কাজ পাওয়ার সুযোগসুবিধা বাড়বে, কর্মস্থলে অধিকার মজবুত হবে এবং অন্যায্য শ্রম আইন উন্নত শিল্প সম্পর্কের প্রথম পদক্ষেপ হিসাবে ফিরিয়ে নেওয়া হবে।

## উপসংহার

স্কটিশ সরকারের বিশ্বাস আমাদের ভিন্ন ভবিষ্যত বেছে নেওয়া উচিত।

যদি স্কটল্যান্ড স্বাধীন হয়, আমরা এক সাথে, এই এবং আগামী প্রজন্মের জন্য- আরও মজবুত অর্থব্যবস্থা -এবং আরও ন্যায়পরায়ণ সমাজ গড়ে তুলতে পারব।

© The Scottish Government 2022
স্কটিশ সরকার দ্বারা অক্টোবর 2022 -এ প্রকাশিত

APS Group Scotland, 21 Tennant Street,
Edinburgh EH6 5NA PPDAS1142942 (10/22) দ্বারা স্কটিশ সরকারের জন্য প্রস্তুতকৃত